

স্টেকহোল্ডারের গুরুত্ব - স্টেকহোল্ডারদের সাথে যোগাযোগের মধ্য দিয়ে একটি কোম্পানি তার ব্যবসাক্ষেত্রে সমসাময়িক এবং আসন্ন সামাজিক ও পরিবেশগত ইস্যুগুলো সম্পর্কে অবগত হতে পারে। স্টেকহোল্ডারদের বিভিন্ন মতামতের ভেতর দিয়ে প্রতিষ্ঠানটি নতুন কিছু শিখতে পারে এবং নতুন পণ্য উৎপাদনের সময় ঝুঁকি অনেকাংশেই কমাতে পারে। যদি কোনো কোম্পানি জরুরি চ্যালেঞ্জ-এর সম্মুখীন হয়, স্টেকহোল্ডারদের সাথে যোগাযোগের ব্যাপারটি এদিক থেকেও মূল্যবান হতে পারে। সময়ের সাথে সাথে, একটি কোম্পানি কেবল তার ব্যবসায়িক শিষ্টাচারের মধ্য দিয়েই উন্নতি করতে ও টিকে থাকতে পারে, যেহেতু সেই আচরণগুলো সবই আইনসঙ্গত এবং স্টেকহোল্ডারদের কল্যাণের সাথে সংগতিপূর্ণ।

আইএসও ২৬০০০ নির্দেশিকায় স্টেকহোল্ডারদের চিহ্নিতকরণ ও সংযুক্তকরণকে যে কোনো প্রতিষ্ঠানের প্রধান দুইটি মৌলিক অনুশীলনের একটি হিসেবে ধরা হয়।

প্রতিষ্ঠানকে বিভিন্ন স্টেকহোল্ডারের আগ্রহের জায়গাটা বুঝতে হবে এবং একই সাথে এটাও বুঝতে হবে যে প্রতিষ্ঠানের নেয়া কোনো সিদ্ধান্ত কিভাবে তাদেরকে প্রভাবিত করে।

এই পদক্ষেপগুলো স্টেকহোল্ডারদের মধ্যে প্রতিষ্ঠানের প্রতি বিশ্বাস স্থাপনে সাহায্য করবে; ঝুঁকি কমাতে এবং ভবিষ্যতের জন্য ব্যবসায় আরো সুযোগ সৃষ্টি করবে।

স্টেকহোল্ডারদের চিহ্নিতকরণ- বাহ্যিক এবং অভ্যন্তরীণ দুই ধরনের স্টেকহোল্ডারই আছেন।^{১৯} অভ্যন্তরীণ স্টেকহোল্ডাররা হচ্ছে কোম্পানির ভেতরেরই কোনো ব্যক্তিবর্গ যাদের কিনা কোম্পানির বিকাশের ক্ষেত্রে সরাসরি অবদান আছে। বাহ্যিক স্টেকহোল্ডাররা সেসকল ব্যক্তি বা প্রতিষ্ঠান যারা একটি কোম্পানির আর্থিক স্বচ্ছলতা দ্বারা প্রভাবিত হয় কিন্তু তারা আবার সরাসরি কোম্পানির অংশও নয়। প্রতিষ্ঠানটিকে চিহ্নিত করতে হবে কোন স্টেকহোল্ডার বাহ্যিক আর কে অভ্যন্তরীণ।^{২০} নিচের তালিকাটি স্টেকহোল্ডারদের সাধারণ দলগুলো দেখায়।

অভ্যন্তরীণ স্টেকহোল্ডার যারা হতে পারে -	বাহ্যিক স্টেকহোল্ডার যারা হতে পারে -
* বোর্ড সদস্য - মালিক, ব্যবস্থাপনা পরিচালক, পরিচালক ইত্যাদি	* ক্রেতা
* ব্যবস্থাপক	* সরবরাহকারী/সাপাইয়ার
* কর্মী	* রাজনৈতিক দল
* ট্রেড ইউনিয়নের নেতা	* নিয়ন্ত্রক সংস্থা
* শেয়ারহোল্ডার	* প্রতিদ্বন্দ্বী
	* এনজিও

^{১৯} Moratis, L. & Cochius, T., 2011. ISO 26000: The Business Guide to the new Standard on Social Responsibility. UK: Greenleaf Publishing Limited

^{২০} http://www.investorwords.com/15517/internal_stakeholders.html and http://www.investorwords.com/16420/external_stakeholder.html